আজকের কাগজ

তারিখ ... 22 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে বহিষ্কার ১,৪১২ পরীক্ষার্থী

**কাগজ প্রতিবেদক :** এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল ইংরেজী প্রথম পত্র পরীক্ষায় দেশের ৪টি বোর্ডে মোট ১ হাজার ৪শ' ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে সর্বোচ্চ ৫৪৪ জন, কুমিল্লা বোর্ডে ৪৯৫ জন, রাজশাহী বোর্ডে ২৯৫ জন ও যশোর বোর্ডে ৭৮ জন। ঢাকা বোর্ডের মধ্যে ঢাকায় ২১ জন, নারায়ণগঞ্জে ১ জন, গাজীপুরে ৬৮ জন, মুন্সীগঞ্জে ৬ জন, মাকিনগঞ্জে ২৮ জন, ময়মনসিংহে ১৭৪ জন, কিশোরগঞ্জে ৬৯ জন, নেত্রকোণায় ৭০ জন, জামালপুরে ২৩ জন, শেরপুরে ৬ জন, টাঙ্গাইলে ৪৩ জন, ফরিদপুরে ২৪ জন, গোপালগঞ্জে ২১ জন, মাদারীপুরে ৩৭ জন, রাজবাড়িতে ৫ জন ও শরীয়তপুরে ৯ জন।

কুমিল্লা থেকে আমাদের প্রতিনিধি খায়রুল আহসান মানিক জানান, গতকাল চট্টগ্রামে ৩৪৯ জন, কুমিল্লায় ১০৩ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৩৯ জন ও চাঁদপুরে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

চট্টগ্রামের আনোয়ারা কেন্দ্রে পরীক্ষা শেষে একদল উত্তেজিত পরীক্ষার্থী ও বহিরাগতরা অতিরিক্ত জেলা প্রশাসকের গাড়ি ও পরীক্ষা কেন্দ্রের আসবাবপত্র ভাঙচুর করেছে। এ সময় পুলিশের সঙ্গে সংঘর্ষে ২ জন পুলিশ আহত হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে ৮ জন বহিরাগতকে গ্রেফতার করেছে।